

জরুরী সেবা গ্রহনঃ

মিটারের ব্যালেন্স শূন্য হওয়ার সাথে সাথে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যায় এবং ডিসপ্লেতে **CLOSE** লেখা দেখা যায়। এ অবস্থায় একজন গ্রাহক জরুরী সেবা হিসেবে ৯ ঘনমিটার গ্যাস ব্যবহার করার সুযোগ পাবেন। জরুরী সেবা নেয়ার জন্য মিটারের **B** বাটনটি চেপে ধরে রাখতে হবে যতক্ষণ না ডিসপ্লেতে **EC** লেখাটি ভেসে উঠে। **EC** লেখাটি ভেসে উঠার সাথে সাথে **B** বাটনটি ছেড়ে দিয়ে **A** বাটনটি একবার চাপ দিয়েই ছেড়ে দিতে হবে। দেখা যাবে কিছুক্ষণের মধ্যে মিটারের ডিসপ্লেতে **0000000^{OPEN}** লেখা দেখা যাবে অর্থাৎ এ অবস্থায় মিটারটি গ্যাস সরবরাহের জন্য প্রস্তুত হয়েছে। চুলা জ্বালিয়ে গ্যাস ব্যবহার শুরু করলেই মিটারের ডিসপ্লেতে **-0000001^{OPEN}** দেখা যাবে এবং গ্যাস ব্যবহার বৃদ্ধির সাথে সাথে পর্যায়ক্রমে **-0000002^{OPEN}**, **-0000003^{OPEN}**, **-0000004^{OPEN}** ডিজিট দেখা যাবে। জরুরী ব্যালেন্স শেষ হলে সর্বশেষ মিটারের ডিসপ্লেতে **-0000009^{OPEN}** ডিজিট দেখা যাবে এবং মিটারের মাধ্যমে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। এ অবস্থায় ডিসপ্লেতে **CLOSE** লেখা দেখা যাবে।

সাবধনতাঃ

জরুরী ব্যালেন্স ব্যবহারকালীন সময়ে কোন অবস্থাতেই **B** বাটনে চাপ দেয়া যাবেনা। **B** বাটন চাপলে মিটার **CLOSE** হয়ে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যাবে। সে ক্ষেত্রে নতুন করে কার্ড রিচার্জ করতে হবে এবং রিচার্জকৃত ব্যালেন্স মিটারে প্রবেশ করিয়ে গ্যাস সরবরাহ চালু করতে হবে।